



জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর-১৭০৪

স্মারক নং-১০(২৭৫) জাতী:বি:/এন ইউ অন-ক্যাম্পাস অনার্স প্রোগ্রাম/২০২৩/২৯৭৬

তারিখ: ০৩/০৯/২০২৪

জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে (গাজীপুর) ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে এলএলবি, বিবিএ, টুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, এবং নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স বিষয়সমূহের ১ম মেধা তালিকায় উত্তীর্ণ এবং ১ম অপেক্ষমান তালিকায় অন্তর্ভুক্ত আবেদনকারীদের প্রতি ভর্তি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তিঃ

ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর মূল ক্যাম্পাসে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদী ১ম বর্ষ স্নাতক (সম্মান) এলএলবি, বিবিএ, টুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, এবং নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স বিষয়সমূহের ভর্তি ফলাফল (১ম মেধা তালিকা এবং ১ম অপেক্ষমান তালিকা) জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-১০(২৭৫)জাতী:বি:/অনার্স প্রোগ্রাম চালুকরণ/২০২৩/৫২৩৭; তারিখ: ১৫/০৮/২০২৪ এর মাধ্যমে প্রকাশ করা হয়েছে। সার্বিক পরিস্থিতি বিবেচনায় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ

২। ১ম মেধা তালিকায় উত্তীর্ণ যে সকল আবেদনকারীগণ এখন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে পারেনি তারা ২ থেকে ৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত পে-স্লিপ ডাউনলোড ও ভর্তি ফি জমা দিতে পারবে।

৩। ১ম অপেক্ষমান তালিকায় অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট বিষয়সমূহের সকল আবেদনকারীর সাক্ষাৎকার আগামী ০৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখ সকাল ১০টায় একাডেমিক ভবনে অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারে উপস্থিত আবেদনকারীদের মধ্য থেকে আসন খালি থাকা সাপেক্ষে মেধার ভিত্তিতে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীত আবেদনকারীদের তালিকা প্রকাশ করা হবে। চূড়ান্তভাবে মনোনীত শিক্ষার্থীগণ ১০ থেকে ১৭ সেপ্টেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত পে-স্লিপ ডাউনলোড এবং ১০ থেকে ১৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত ভর্তি ফি জমা দিতে পারবে।

উল্লেখ্য, শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের (Migration) সুযোগ থাকবে না। ১ম অপেক্ষমান তালিকায় অন্তর্ভুক্ত আবেদনকারীদের দ্বারা বিজ্ঞাপিত আসন সংখ্যা পূরণ না হলে ভর্তির জন্য পরবর্তী মেধা তালিকা প্রকাশ করা হবে।

৪। মেধা তালিকায় উত্তীর্ণদের ভর্তি ফি জমাদান ও ফরম ডাউনলোড করার পদ্ধতিঃ

মেধা তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের পে-স্লিপ ডাউনলোড করে অথবা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনলাইন গেটওয়ে (Gateway) এর মাধ্যমে ভর্তি ফি বাবদ ৫,০৩৫/- (পাঁচ হাজার পঁয়ত্রিশ) টাকা জমা দিতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর আবেদন ফরমে উল্লিখিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে চূড়ান্ত ভর্তি ফরম ডাউনলোড করার জন্য তথ্য দেওয়া হবে। এ পর্যায়ে শিক্ষার্থীকে তার রোল নম্বর ও পিন ব্যবহার করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে Applicant Login (NU On-Campus Honours Login) অপশন থেকে চূড়ান্ত ভর্তি পরম পূরণ করে তার প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে। উক্ত প্রিন্ট কপির ফটোকপি এবং শিক্ষার্থীর মূল মার্কসশীট সংশ্লিষ্ট বিষয়ের চেয়ারম্যানের দপ্তরে জমা দিতে হবে।

৫। জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রোগ্রামে চূড়ান্ত ভর্তি ফি সম্পর্কিত তথ্যঃ

ক্রম	খাত	নির্ধারিত ফি (টাকা)
ক)	ভর্তি ফি	১,০০০.০০
খ)	রেজিস্ট্রেশন ফি	১,০০০.০০
গ)	লাইব্রেরি জামানত ফি (ফেরতযোগ্য)	৩,০০০.০০
ঘ)	ক্রীড়া ও সংস্কৃতি ফি	২০.০০
ঙ)	বিএনসিসি ফি	৫.০০
চ)	রোভার স্কাউট ফি	১০.০০
	মোট	৫,০৩৫/- (পাঁচ হাজার পঁয়ত্রিশ)

০৩.০৯.২০২৪

(শেখ মুহাম্মদ মুজাহিদুল ইসলাম)
সহযোগী অধ্যাপক, মার্কেটিং বিভাগ
পক্ষে, সদস্য সচিব, ভর্তি কমিটি,
অন-ক্যাম্পাস অনার্স ২০২৩-২৪ সেশন
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

স্মারক নং-১০(২৭৫)জাতী:বি:/এন ইউ অন-ক্যাম্পাস অনার্স প্রোগ্রাম/২০২৩/২৯৭৬

তারিখ: ০৩/০৯/২০২৪

অনুলিপিঃ

- ১। সকল ডিন, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। অফিস কপি